



# বাংলাদেশ ব্যাংক

(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)

প্রধান কার্যালয়

মতিঝিল, ঢাকা-১০০০

বাংলাদেশ।

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা  
বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

এফআইডি সার্কুলার লেটার নং: ০১

তারিখ: ১৬ মার্চ, ২০২৫  
০২ চৈত্র, ১৪৩১

প্রিয় মহোদয়,

## স্কুল ব্যাংকিং নীতিমালার আওতায় আর্থিক অন্তর্ভুক্তিমূলক কর্মকাণ্ডে শিক্ষার্থীদের অধিকতর সম্পৃক্তকরণ প্রসঙ্গে।

স্কুল ব্যাংকিং বিষয়ে বিগত ২৮ অক্টোবর ২০১৩ তারিখের জিবিএসআরডি সার্কুলার নং-০৭ এবং ০৪ নভেম্বর ২০১৫ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০২ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

শিক্ষার্থীদের বিভিন্ন আর্থিক সেবার সাথে পরিচিত করানো এবং শিক্ষার্থীদের আর্থিক অন্তর্ভুক্তিমূলক কর্মকাণ্ডে অধিকতর সম্পৃক্ততা নিশ্চিত করার লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক কর্তৃক প্রতিটি তফসিলি ব্যাংক শাখার নিকটবর্তী শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে স্কুল ব্যাংকিং সেবার আওতায় আনয়নের নীতি গ্রহণ করা হয়েছে।

এরই ধারাবাহিকতায় বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংককে তাদের প্রতিটি শাখার নিকটবর্তী কমপক্ষে একটি শিক্ষা প্রতিষ্ঠানে স্কুল ব্যাংকিং সেবা সংক্রান্ত কার্যক্রম পরিচালনা করার নির্দেশনা প্রদান করা হলো।

এ নীতির আওতায় নিম্নোক্ত নির্দেশনাগুলো অনুসরণ করতে হবে:

১. জেলা/উপজেলা/ইউনিয়ন পর্যায়ে কমপক্ষে একটি শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনপূর্বক প্রতিটি তফসিলি ব্যাংক শাখাকে তাদের নিকটবর্তী শাখার মাধ্যমে স্কুল ব্যাংকিং কার্যক্রম পরিচালনা করতে হবে। এতে করে শিক্ষার্থীরা সরাসরি সেই ব্যাংক শাখা থেকে সকল ধরনের ব্যাংকিং সেবা/পরিষেবা গ্রহণ করার সুযোগ পাবে। শিক্ষা প্রতিষ্ঠান নির্বাচনের বিষয়ে অধিক্রমণ (overlapping) দূরীকরণে ব্যাংকগুলো নিজেরা সিদ্ধান্ত গ্রহণ করবে।
২. হিসাব খোলা ও পরিচালনা, আর্থিক শিক্ষা (Financial Literacy) ও এতদ্বিষয়ে ছাত্র-ছাত্রীদের সচেতনতা এবং প্রযুক্তিগত বিষয়ে দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়া, বাংলাদেশ ব্যাংক কর্তৃক সময়ে সময়ে জারীকৃত নির্দেশনাসমূহ যথাযথভাবে পরিপালন করতে হবে।
৩. প্রতিটি জেলা/উপজেলার স্কুল ব্যাংকিং সংক্রান্ত কার্যক্রমের বিষয়ে ব্যাংক শাখা বাংলাদেশ ব্যাংকের সংশ্লিষ্ট অফিসকে ত্রৈমাসিক ভিত্তিতে অবহিত করবে এবং প্রতিবেদন দাখিল করবে।
৪. স্কুল ব্যাংকিং কার্যক্রমের অগ্রগতি (ব্যাংক শাখা ও শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা, শিক্ষার্থী হিসাবের সংখ্যা, লেনদেনের পরিমাণ এবং আর্থিক শিক্ষা কার্যক্রমের বিবরণসহ) সম্পর্কে ২৮ জানুয়ারী ২০১৮ তারিখের এফআইডি সার্কুলার লেটার নং-০১ অনুযায়ী ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্টে প্রতিবেদন দাখিলসহ স্কুল ব্যাংকিং সংক্রান্ত অপরাপর নির্দেশনা অপরিবর্তিত থাকবে।
৫. এ নির্দেশনা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

মোঃ ইকবাল মহসীন

পরিচালক

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

ফোন: ৯৫৩০৩৪৩